

~~৬৬~~
৬৪

ঢাকা ও রাজশাহী বোর্ডের এসএসসি পরীক্ষা আজ শুরু

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

ঢাকা ও রাজশাহী বোর্ডের ১৯৯১
সালের এসএসসি পরীক্ষা আজ থেকে
শুরু হচ্ছে। এ দুটি বোর্ডের অধীনে
(৪-এর পৃঃ ৭-এর কঃ দঃ)

পরীক্ষা আজ শুরু

(প্রথম পৃষ্ঠার পর)
২৬৯টি পরীক্ষা কেন্দ্র থেকে মোট ২
লক্ষ ২ হাজার ৯ জন পরীক্ষার্থী
এবারের পরীক্ষায় অংশ নিচ্ছে।

উপকূলীয় জেলাসমূহে ঘূর্ণিঝড় ও
অগোছােসের কারণে কুমিল্লা ও যশোর
বোর্ডের এসএসসি পরীক্ষা ইতিমধ্যে
স্থগিত ঘোষণা করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানানো
হয়েছে, শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনু-
ষ্ঠানের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া
এক বাণীতে এসএসসি পরীক্ষার্থীদের
শুভেচ্ছা জানিয়েছেন এবং পরীক্ষায়
অসদুপায় অবলম্বন থেকে বিরত
থাকার জন্য ছাত্র-ছাত্রীদের উপদেশ
দিয়েছেন।

এ বছর ঢাকা বোর্ডের অধীনে
১৩৮টি কেন্দ্র থেকে মোট এক লক্ষ
৪৯ হাজার ৫৩৩ জন ছাত্র-ছাত্রী
পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে ৭টি
কেন্দ্র হচ্ছে দেশের বাইরে।

রাজশাহী বোর্ডের অধীনে ১৩১টি
কেন্দ্র থেকে পরীক্ষায় অংশগ্রহণ
করছে এক লক্ষ ১৩ হাজার ১১০ জন
ছাত্র-ছাত্রী।

ঢাকা মহানগর পুলিশের এক প্রেস
বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ঢাকা
মহানগর পুলিশ কমিশনার নগরীর
সকল পরীক্ষা কেন্দ্রে ৪ বা ততোধিক
ব্যক্তির সমাবেশ নিষিদ্ধ ঘোষণা করে-
ছেন। এ আদেশ পরীক্ষা চলার দিন-
গুলিতে পরীক্ষা চলাকালে বলবৎ
থাকবে।

১৪৪ ধারা

ঢাকা মহানগরীর ৬২টি কেন্দ্রে
সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরীক্ষা অনুষ্ঠানের
স্বার্থে ঢাকা মেট্রোপলিটান পুলিশ
পরীক্ষা কেন্দ্রসমূহের দুইশ' গজের
মধ্যে একসঙ্গে চারজন লোকের বেশি
জমায়েত বা চলাফেরা নিষিদ্ধ ঘোষণা
করেছে।

এই আদেশ ২রা মে থেকে ৫ই
মাস পর্যন্ত পরীক্ষা চলাকালীন দিন-
গুলিতে বলবৎ থাকবে।

০৫